ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬০১

শান্তিরবাজার, ২৯ আগস্ট, ২০২৫

**বেতাগা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক হ্যান্ডবল প্রতিযোগিতা অনুষ্ঠিত**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ বেতাগা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক হ্যান্ডবল প্রতিযোগিতা এবং জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষে ভলিবল ও দড়ি টানাটানি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য এই ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন। শান্তিরবাজার পুর পরিষদের ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারম্যান নেপাল চন্দ্র দাস, মহকুমা শাসক মনোজ কুমার সাহা, বিশিষ্ট সমাজসেবী দেবাশিস ভৌমিক, মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া আধিকারিক সজল চক্রবর্তী প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। নেশামুক্ত ত্রিপুরা গঠনের উপর গুরুত্বারোপ করে অনুষ্ঠানে অতিথিগণ বক্তব্য রাখেন। অনুর্দ্ধ ১৭ বছর বয়সী বালক ও বালিকা বিভাগে ৬টি দল এই ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বেতাগা পঞ্চায়েতের প্রধান উত্তম বৈদ্য।

********